

২০১৮-১৯ শিক্ষাবর্ষের 'ইউনিট-১'-এর ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত



২৯ সেপ্টেম্বর-২০১৮, শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) শ্রেণির ১ম বর্ষের 'ইউনিট-১' (বিজ্ঞান শাখা)-এর ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে দু'টি শিফটে (সকাল ও বিকাল) জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ মোট তিনটি পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হয়। এবার 'ইউনিট-১'-এ ২৬,৪১৪ জন শিক্ষার্থী লিখিত ভর্তি পরীক্ষার জন্য মনোনীত হয়। সকালের শিফটে বিজোড় রোল নম্বরধারী এবং বিকালের শিফটে জোড় রোল নম্বরধারী শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, এবারই প্রথমবারের মতো জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা বর্ণনামূলক লিখিত পদ্ধতিতে অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান পরীক্ষার হল পরিদর্শন করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন। 'ইউনিট-১' এর ভর্তি পরীক্ষার ফলাফল শীঘ্রই প্রকাশ করা হবে। ফলাফল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে।